# রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ একাদশ অধ্যায় - ফিত্বরার বিবরণ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ফিত্বরার বিবরণ

‘সাদাকাতুল ফিতর’কে ‘যাকাতুল ফিতর’ বলা হয়। ‘সাদাকাহ’ শব্দটি শরয়ী পরিভাষায় ফরয যাকাতের অর্থে ব্যবহৃত। আর এ ব্যবহার কুরআন ও হাদীসে বহু জায়গায় পরিলক্ষিত হয়। পক্ষান্তরে ‘ফিতর’ মানে হল, রোযা ছাড়া। সুতরাং ‘যাকাতুল ফিতর’-এর মানে হল, সেই যাকাত; যা রমাযানের রোযা ছাড়ার কারণে ফরয হয়। একে ‘যাকাতুল ফিতরাহ’ও বলা হয়। ‘ফিতরাহ’ মানে প্রকৃতি। যেহেতু এ যাকাত আত্মশুদ্ধি ও আত্মার আমলকে নির্মল করার জন্য দেওয়া ওয়াজেব, তাই এর নাম যাকাতুল ফিতরাহ।[1]

সাদাকাতুল ফিতরার মানঃ

ফিতরার যাকাত আদায় করা ফরয। আল্লাহর রসূল (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) এ যাকাতকে মুসলিম উম্মাহর জন্য ফরয করেছেন। ইবনে উমার (রাঃ) বলেন, ‘আল্লাহর রসূল (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) মুসলিমদের স্বাধীন ও ক্রীতদাস, পুরুষ ও নারী এবং ছোট ও বড় সকলের জন্য এক সা’ (প্রায় আড়াই কেজি) খেজুর বা যব খাদ্য (আদায়) ফরয করেছেন।’[2]

## ফুটনোট

[1] (ফিকহুয যাকাত, ইউসুফ কারযাবী ২/৯১৭)

[2] (বুখারী ১৫০৩, মুসলিম ৯৮৪নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4128

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন